

PRESS RELEASE

‘কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মী সম্মেলন ২০১৯’ এর ওয়েবসাইট উদ্বোধন: শুরু হলো
নিবন্ধন ও সারসংক্ষেপ জমা নেওয়া

XivKv, 31 Rvbywii, 2019

আইসিডিডিআর,বি-র উদ্যোগে ‘২য় আন্তর্জাতিক কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মী সম্মেলন ২০১৯’ আগামী ২২-২৪ নভেম্বর ২০১৯ তারিখে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবছর সম্মেলনের মূল প্রতিপাদ্য হলো, সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণের প্রেক্ষিতে অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীদের সম্ভাবনা। এই সম্মেলনে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগ্রহীরা ব্যক্তিগত <http://chwsymposium2019.icddr.org> ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন, পোস্টার ও সারসংক্ষেপ জমা দেওয়াসহ আর্থিক সহযোগিতার আবেদন করতে পারবে। ওয়েবসাইটটি আজ থেকে সবার জন্য উন্মুক্ত করা হয়েছে। এই ওয়েবসাইটে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীদের ঐতিহাসিক গুরুত্ব, ইতোপূর্বে অনুষ্ঠিত সম্মেলনের বিষয়বস্তুসমূহ, সম্মেলনের অনুষ্ঠানসূচি, এবং সম্মেলন বিষয়ক বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

কমিউনিটি স্বাস্থ্যকর্মীরা হলেন অপ্রশংসিত নায়ক এবং স্বাস্থ্যসেবা খাতে তাঁদের অবদান বিশ্বব্যাপী প্রচলিত। ১৯২০ দশকের প্রথম দিকে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীরা সর্বপ্রথম চীনে জন্ম-মৃত্যু নিবন্ধন কর্মসূচি, টিকাদান কর্মসূচি, প্রাথমিক স্বাস্থ্য সেবাদান কর্মকাণ্ডের সাথে যুক্ত হন। বর্তমানে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীরা ‘দ্বিতীয় শ্রেণী’-এর সেবাদানকারী হিসেবে বাংলাদেশের মতো স্বল্প ও মধ্যম আয়ের দেশগুলোতে তাঁদের সেবা প্রদান পদ্ধতির কারণে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন এবং সময়ের সাথে সাথে তাঁদের কাজের চাহিদাও বাড়ছে।

২০১৭ সালে উগান্ডার কাম্পালায় প্রথমবারের মতো কমিউনিটি স্বাস্থ্যকর্মীদের ওপর আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহের সাথে সমন্বয় রেখে স্বাস্থ্যক্ষেত্রের বিভিন্ন বিষয়ে কমিউনিটি স্বাস্থ্যকর্মীদের সম্পৃক্ততাকে সামনে তুলে আনা হয়েছিল। নভেম্বর ২০১৯-এ ঢাকায় অনুষ্ঠিতব্য সম্মেলনে, দেশ ও দেশের বাইরের শিক্ষাবিদ, স্বাস্থ্য বিশেষজ্ঞ ও উন্নয়ন সহযোগী ও পেশাজীবী মহল একটি অভিন্ন অবস্থান থেকে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীদের স্বাস্থ্যখাতে কাজে লাগিয়ে আগামীর সম্ভাবনাময় কৌশল-পন্থা প্রণয়নে সহায়তা করবে। এটি কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীদের অসংক্রামক রোগ প্রতিরোধে ইতিবাচক অবস্থানে আনতে কার্যকর পথ প্রদর্শক হিসেবে কাজ করবে। এই সম্মেলনটি সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা এবং স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টায়, অসংক্রামক রোগ প্রতিরোধে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যকর্মীদের অতীত সাফল্য ও বর্তমান চ্যালেঞ্জের পাশাপাশি তাঁদের মাধ্যমে স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য সহায়তা পাওয়ার একটি কার্যকর কৌশল প্রণয়নে দিক নির্দেশনা দিবে।

সম্মেলনটিতে সরকারি বেসরকারি প্রতিষ্ঠান, জনস্বাস্থ্য ক্ষেত্রে কর্মরত ব্যক্তিবর্গ, গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় থেকে আগত প্রতিনিধিদল পরস্পরের সাথে স্থানীয় পর্যায়ের স্বাস্থ্যকর্মী-বিষয়ক অভিজ্ঞতা, জ্ঞান ও তথ্য বিনিময়ের সুযোগ পাবে।

২য় কমিউনিটি স্বাস্থ্যকর্মী ২০১৯ সম্মেলনটি আইসিডিডিআরবি, জাতীয় স্বাস্থ্য অধিদপ্তর, জেমস পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেলথ, ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং সেইভ দ্য চিল্ড্রেন-এর যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

#



বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন-

W. Awgbyj i ngvb kvnxb

সহযোগী বিজ্ঞানী

আইসিডিডিআর,বি

ফোন: +৮৮০২-৯৮২৭০০১-১০ এক্সট- ২২০৮

ইমেইল- draminur@icddr.org